

রাজস্বের প্রবৃদ্ধি  
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা  
e-mail: [pangaoncustoms@nbr.gov.bd](mailto:pangaoncustoms@nbr.gov.bd)

ই-মেইলযোগে

নথি নং-৫-২০ (১৫)কাস/নিলাম /কা:হা:পা:/২০২৬ /১২০৬ (৬৮)

তারিখ: ৫/০৫/২০২৬ খ্রি:

বিষয়ঃ কাস্টমস হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র নিলাম টেন্ডার সেল নং- ০৩/২০২৬ এর বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কাস্টমস হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র নিলাম টেন্ডার সেল নং- ০৩/২০২৬ এর বিজ্ঞপ্তি আপনার দপ্তরের অফিসিয়াল ওয়েবসাইট এবং ফেসবুক পেইজে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সদয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা



হাসনাইন মাহমুদ

জয়েন্ট কমিশনার অব কাস্টমস  
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

প্রাপক:

১-৮। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা।

৯-২৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/ দক্ষিণ/ পূর্ব/ পশ্চিম) /কুমিল্লা /যশোর /চট্টগ্রাম /রাজশাহী /খুলনা/ সিলেট /রংপুর/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কক্সবাজার।

২৫-২৭। কমিশনার অব কাস্টমস (বন্দ), কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।

২৮-৩১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।

৩২-৩৬। মহাপরিচাল, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

৩৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৩৮। পি এ টু কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

## Sealed/ম্যানুয়াল নিলাম নং- ০৩/২০২৬ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালে রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন প্রকার মালামাল Sealed (ম্যানুয়াল) টেন্ডারের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র বিক্রয় : নিলাম সংশ্লিষ্ট ক্যাটালগ ও সিডিউল কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা ও কাস্টমস হাউস, আইসিডি, ঢাকা এবং নিলামকারীর অফিস (ঠিকানা- খান ট্রেডিং কোং-৮৬, পূর্ব গোড়ান, ঢাকা-১২১৯) থেকে নিলাম সিডিউল ও ক্যাটালগ সংগ্রহ করা যাবে। ক্যাটালগ মূল্য ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্রের সিডিউল মূল্য ৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে। উল্লেখ্য, আগামী ১৪/০৫/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকেল ৩:০০ ঘটিকা পর্যন্ত ক্যাটালগভুক্ত পণ্যচালানসমূহ প্রদর্শন করা হবে।

দরপত্র দাখিল ও খোলার সময়: ইচ্ছুক নিলাম ক্রেতাকে কোটেশন মূল্যের উপর অনূন ১০% হারে জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে কমিশনার কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এবং প্রযোজ্য দলিলাদি দাখিল করতে হবে। কাস্টমস হাউস, পানগাঁও, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা ও কাস্টমস হাউস, আইসিডি, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা আগামী ২০/০৫/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ৪:০০ ঘটিকা পর্যন্ত দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্রসমূহ ২১/০৫/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর বুডিগঞ্জা সম্মেলন কক্ষে আগ্রহী দরদাতাগণের সম্মুখে উন্মুক্ত করা হবে। বিস্তারিত নিয়ম ও শর্তাবলী সিডিউলে উল্লেখ থাকবে। টেন্ডারে অংশগ্রহণকালে প্রতিষ্ঠানের ক্ষেত্রে দরপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, টিআইএন সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি এবং ব্যক্তিগত শ্রেণীর ক্ষেত্রে টিআইএন সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই দাখিল করতে হবে।

উল্লেখ্য, বিদ্যমান আমদানি নীতি আদেশ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালনপূর্বক প্রযোজ্যক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে। নিলাম বাতিল, স্থগিত বা সংশোধনী সংক্রান্ত যেকোন ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিঃ দ্রঃ সিডিউল ক্রয় বা নিলাম সংক্রান্ত তথ্যাদির জন্য [webঃ www.pch.gov.bd](http://www.pch.gov.bd) তে ভিজিট অথবা জনাব মোঃ মিজানুর রহমান, রাজস্ব কর্মকর্তা, মোবাইল: ০১৭১০-৭৭৯৪৫৫, জনাব মোঃ ইমরান হোসেন, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল: ০১৭১১-৯৬০৬৬৬, তে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত  
হাসনাইন মাহমুদ  
জয়েন্ট কমিশনার অব কাস্টমস  
ও  
সভাপতি, নিলাম কমিটি